# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৬৭

৫. হজ্জ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ২২. যে প্রাণীকে মুহরিম (ইহরামরত) ব্যক্তি নিজে শিকার করেনি - এমন প্রাণী গোশত খাওয়া প্রসঙ্গে

## بَاب فِي أَكْلِ لَحْمِ الصَّيْدِ لِلْمُحْرِمِ إِذَا لَمْ يَصِدْ هُوَ

### আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا ابْنُ عُيَيْنَةَ عَنْ الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ ابْنِ عَبَّاسٍ حَدَّثَنِي الصَّعْبُ بْنُ جَثَّامَةَ قَالَ مَرَّ بِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا بِالْأَبْوَاءِ أَوْ بِوَدَّانَ فَأَهْدَيْتُ لَهُ لَحْمَ حِمَارِ وَحْشٍ فَرَدَّهُ عَلَيَّ فَلَمَّا رَأَى فِي وَجْهِي الْكَرَاهِيَةَ قَالَ إِنَّهُ لَيْسَ بِنَا رَدٌّ عَلَيْكَ وَلَكِنَّا حُرُمٌ

### বাংলা

১৮৬৭. সা’ব ইবনু জাছ্ছামা রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার পাশ দিয়ে অতিক্রম করছিলেন, তখন আমি ’আবওয়া’[1]- কিংবা ’ওয়াদ্দান’ নামক স্থানে ছিলাম। তখন আমি তাঁকে বন্য গাধার মাংস হাদীয়া দিলে তিনি তা আমাকে ফিরিয়ে দিলেন। যখন তিনি আমার চেহারায় (এর প্রতি) ঘৃণা লক্ষ্য করলেন, তিনি বললেন: আমরা মুহরিম (ইহরামরত) নাহলে, তোমাকে এটা ফিরিয়ে দিতাম না।[2]

### ফুটনোট

[1] আবওয়া: হিজাযের অন্যতম একটি উপত্যকা, মদীনা হতে প্রায় ২৮ কিলোমিটার পশ্চিমে ... বলা হয়ে থাকে যে, এখানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মাতা আমিনাহ বিনতে ওয়াহাব এর কবর রয়েছে।’

আর ওয়াদ্দান: মদীনা ও মক্কার মধ্যবর্তী একটি স্থান, তবে মদীনা মাসতুরাহ হতে নিকটবর্তী, প্রায় ১২ কিলো দূরে অবস্থিত।– (মুহাক্কিক্বের টীকা- অনুবাদক)।

[2] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। এটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: এটি ১৮৭০ (অনূবাদে ১৮৬৫) নং এ গত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সা'ব ইবনু জাসসামাহ লায়সী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82150

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন